

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০১

তারিখ : ০৪ জানুয়ারী, ২০১০
২১ পৌষ, ১৪১৬

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

Moving back the clocks by one hour.

ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, সমন্বয়-২ শাখা এর ২৭/১২/২০০৯ তারিখের পত্র নং ২৭.০৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(৮৭৩) সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনঃ মুদ্রণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(মোঃ মাছুম পাটোয়ারী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৯৫৬

অতি জরুরী
ফ্যাক্স মারফত

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা

নং-২৭.০৫২.০০৬.০২.০০.০০৩.২০০৮(৮৭৩)

তারিখ : ২৭/১২/২০০৯ খ্রিঃ।

বিষয় : ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকার ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে পূর্বের সময়ে ফিরে যাওয়া প্রসংগে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

ক) আগামী ৩১ ডিসেম্বর, ২০০৯ তারিখে দিবাগত রাত ১১.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে ১০.৫৯ মিনিট (জিএমটি+৬ ঘন্টা) করা হবে

এবং

খ) আগামী ২০১০ সাল হতে প্রতি বছর ৩১ মার্চ তারিখ রাত ১০.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ ঘন্টা এগিয়ে নিয়ে রাত ১১.৫৯ মিনিট (জিএমটি+৭) করা হবে যা ৩১ শে অক্টোবর পর্যন্ত বহাল থাকবে। ৩১ শে অক্টোবর দিবাগত রাত ১১.৫৯ মিনিটে ঘড়ির কাঁটা ১ ঘন্টা পিছিয়ে ১০.৫৯ মিনিট (জিএমটি+৬) করা হবে, যা পরবর্তী মার্চ ৩১ পর্যন্ত বলবৎ থাকবে।

০২। বর্ণিতাবস্থায়, সরকারের উপরোক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিত করণ এবং বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত, অস্পষ্ট, ২৭/১২/২০০৯

(ফারজানা মমতাজ)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৭১৬৬৪৮৬